



স্বর্ণপদক পেলেন ৫৭ মেধাবী শিক্ষার মান নিশ্চিত করতে কাজ করুন : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী খালেদা জিয়া দলমত নির্বিশেষে শিক্ষার বিস্তার ও উচ্চশিক্ষায় গুণগতমান নিশ্চিত করার অভিন্ন লক্ষ্যে একযোগে কাজ করার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০০৬' প্রদান অনুষ্ঠানে ভাষণদানকালে তিনি এ আহ্বান জানান। বাসস।

অনুষ্ঠানটির আয়োজন করে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন। প্রধানমন্ত্রী বলেন, আমাদের অনেক বিষয়ে মতপার্থক্য থাকতে পারে; কিন্তু শিক্ষার মতো মৌলিক বিষয়ে নয়। জাতীয় ইস্যু বর্ণনা করে শিক্ষাকে রাজনীতির উর্ধ্বে রাখার আহ্বান জানিয়ে তিনি বলেন, 'সকলের সম্মিলিত প্রয়াসের মাধ্যমেই আমরা একটি জ্ঞানভিত্তিক উন্নত সমাজ বিনির্মাণ করতে পারব।'

প্রধানমন্ত্রী ১৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদে প্রথম স্থান অধিকারী ৫৭ মেধাবী ছাত্রছাত্রীকে স্বর্ণপদক প্রদান করেন।

খালেদা জিয়া স্বর্ণপদকপ্রাপ্ত ছাত্রছাত্রীদের জাতির গর্ব উল্লেখ করে শিক্ষা জীবনে তার যেমন কৃতিত্বের স্বাক্ষর রেখেছে, তেমনি কর্মজীবনেও জাতীয় উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করার জন্য তাদের উপদেশ দেন।

প্রধানমন্ত্রী দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্রছাত্রীদের জন্য বিশৃঙ্খলিত লেখাপড়ার ব্যবস্থা করতে বিশ্ববিদ্যালয় শিক্ষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, তা না হলে দেশ প্রতিযোগিতায় পিছিয়ে পড়বে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষামন্ত্রী

ম এছানুল হক মিলন, শিক্ষা সচিব এম মমতাজুল ইসলাম এবং স্বর্ণপদকপ্রাপ্ত ছাত্রছাত্রীদের মধ্য থেকে আবদুল্লাহ আল মুজাহিদ ও ফারজানা আকতার বক্তব্য রাখেন।

কাজ : পৃ. ১১ ক: ৬

কাজ : করুন
(১২ পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রী পরিবর্তনশীল ও প্রতিযোগিতামূলক বিশ্বে নিজেদের অবস্থান সুদৃঃস্থত করার মাধ্যমে দেশকে সাফল্যের শিখরে পৌঁছাতে সুশিক্ষিত এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেন।

পদকপ্রাপ্তদের ধন্যবাদ জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, মেধাবী ছাত্রছাত্রীদের সাফল্য অন্যান্য শিক্ষার্থীকে উৎসাহিত ও অনুপ্রাণিত করবে। তিনি ছাত্রছাত্রীদের স্বরণ করিয়ে দেন, তাদের শিক্ষা জীবনের সাফল্যের পেছনে সমাজেরও বড় অবদান রয়েছে।

খালেদা জিয়া বলেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের লেখাপড়ার খরচের একটা বৃহৎ অংশ জোগাচ্ছে ট্যাক্স প্রদানকারী এ দেশের সাধারণ মানুষ।

গরিব ও দুঃখী মানুষের কল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী ছাত্রছাত্রীদের আগামী দিনগুলোতে দেশ ও জাতিকে যথাযথ এবং সঠিক নেতৃত্ব প্রদান ও অর্থনৈতিক উন্নয়নে গতি সংগর